রাশিয়া বিশ্বকাপ ২০১৮

ব্রাজিল কাতার বিশ্বকাপ নিয়ে ভাবুক : রিভাল্ডো

ব্রাজিল, ৮ জুলাই : ১৬ বছর আগে ব্রাজিল শেষবার বিশ্বকাপ জিতেছিল। হেক্সা মিশন যেন আর শেষই হচ্ছে না পাঁচবার বিশ্বচ্যাম্পিয়নদের। রাশিয়া বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে থেমে গেছে তাদের হেক্সা মিশন। এই পরিস্থিতিতে আগামী ২০২২ সালের কাতার বিশ্বকাপ নিয়ে এখনই ব্রাজিলের পরিকল্পনা শুরু করা প্রয়োজন বলে মনে করেন দেশটির প্রাক্তন বিশ্বকাপজয়ী মিডফিল্ডার রিভাল্ডো। নিজের ইনস্টাগ্রামে রিভাল্ডো লিখেছেন, ‘প্রথমেই, আমি বেলজিয়াম জাতীয় দলকে তাদের জয় ও সেমিফাইনালে পৌঁছানোর জন্য অভিনন্দন জানাব। বিশ্বকাপ এমনই, বিশেষ করে কোয়ার্টার ফাইনালগুলো। এখান থেকেই মূল টুর্নামেন্টটা শুরু হয়। বিশ্বকাপ কোপা আমেরিকা বাছাই পর্ব না প্রীতি ম্যাচের চেয়ে আলাদা। এতে ভুলের কোনও সুযোগ নেই।’ এমন বিদায়ের পর ফুটবলার ও সমর্থকদের মন ভেঙে গেলেও জীবন থেমে থাকে না বলে মনে করেন রিভাল্ডো। সবাইকে উজ্জীবিত করতে তিনি আরও লিখেছেন,‘এখনই সময় মাথা তোলার। যা হয়েছে এটা ফুটবলেরই অংশ! ৩২ টা দলের মধ্যে মাত্র একটা দল জেতে এবং এবারে সেটা ব্রাজিল নয়। এখন থেকেই ২০২২ সালের কাতার বিশ্বকাপ নিয়ে ভাবনা শুরু করে দেওয়া উচিত।’ এদিকে রাশিয়া বিশ্বকাপে ব্যর্থতার পর তিতেকে আবারও ব্রাজিলের কোচ হিসাবে রাখা হবে কি না সে ব্যাপারে এখনও কিছুই জানায়নি ব্রাজিল ফুটবল অ্যাসোসিয়েশন। তিতে এ ব্যাপারে নিশ্চুপ। যদিও তিতেকেই কোচ হিসাবে চান ব্রাজিলের প্রাক্তন কিংবদন্তিরা। দলের ভবিষ্যৎ পরিকল্পনা করার পরামর্শ দিয়েছেন ব্রাজিলের কিংবদন্তি ফুটবলার পেলে। তাঁর মতে, যা হওয়ার হয়ে গেছে, এখন সামনে তাকানোর সময়। এগিয়ে যাওয়ার সময়।

দলের পারফরম্যান্সে খুশি কোচ শেরশেসোভ

সোচি, ৮ জুলাই : ঘরের মাঠে এবারের বিশ্বকাপে সবাইকে চমকে দিয়ে স্পেনকে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠেছিল রাশিয়া। তবে শেষ আটে ক্রোয়েশিয়ার বিরুদ্ধে শেষ পর্যন্ত লড়াই করেও টাইব্রেকারে ৩-৪ গোলে হেরে বিদায় নিতে হয় তাদের। কিন্তু রাশিয়া যেভাবে লড়াই করে বিশ্বকাপ থেকে বিদায় নিয়েছে তাতে খুশি কোচ স্ট্যানিস্লাভ শেরশেসোভ। রাশিয়ার এবারের বিশ্বকাপ অভিযান শেষ হলেও তিনি জানিয়েছেন,‘আমি হার শব্দটার চেয়ে কিভাবে লড়াই করেছি সেটার কথাই বলব। দারুণ পারফর্ম করে গর্বের সঙ্গে বিদায় নেওয়াটাই ভাল।’ তিনি আরও জানিয়েছেন,‘আমরা বিশ্বকাপের বাইরে। তবে আমরা নিজেদের প্রমাণ করতে পেরেছি। ফুটবলে অনেকটাই উন্নতি করেছে রাশিয়া।’

এদিকে হার নিয়ে কষ্ট থাকলেও কোনওরকম লজ্জা নেই এই বিশ্বকাপে রাশিয়ার সর্বোচ্চ গোল স্কোরার ডেনিস শেরিশেভের গলায়। এবারের বিশ্বকাপে দেশের হয়ে চারটি গোল করেছেন তিনি। শেরিশেভ জানিয়েছেন,‘আমরা চেষ্টা করেছি। দলের প্রত্যেকে নিজের সেরা দিয়ে চেষ্টা করেছে। টাইব্রেকার হল অনেকটা লটারির মতো। ভাল ফুটবল খেলেছি। কিন্তু আজকের দিনটা আমাদের ছিল না।’

দীর্ঘ ৫২ বছরের খরা কাটাতে মরিয়া ইংল্যান্ড

মস্কো, ৮ জুলাই : বিশ্বকাপে ইংল্যান্ড শেষবার চ্যাম্পিয়ন হয়েছিল ১৯৬৬ সালে। এরপর বিশ্বকাপ শুধুই অধরা ব্রিটিশদের কাছে। দীর্ঘ ৫২ বছর পর ফের কাপ জয়ের স্বপ্নে বিভোর ইংল্যান্ড। ফাইনালে ওঠার লড়াইয়ে এবার ইংল্যান্ডের প্রতিপক্ষ বেলজিয়ামের কাছে। গ্রুপ লিগের নক আউট পর্বের দুটি ম্যাচে জয় ছিনিয়ে নিয়ে শেষ চারে খেলার যোগ্যতা অর্জন করেছে ইংল্যান্ড। কোয়ার্টার ফাইনালে সুইডেনের বিরুদ্ধে দুরন্ত পারফরম্যান্স করে সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে সাউথগেটের দল। গ্রুপ লিগের পর নক আউট পর্বের পারফরম্যান্সের পাশাপাশি ফুটবলারদের পারফরম্যান্স। দুইয়ের যোগ ফলে ইংল্যান্ডকে ঘিরে স্বপ্ন দেখছেন অসংখ্য ব্রিটিশ ফুটবলপ্রেমী। তাদের সকলেই মনে করছেন বিশ্বকাপে এবার ইংল্যান্ডের চ্যাম্পিয়ন হওয়াটা শুধুমাত্র সময়ের অপেক্ষা। এই দলে রয়েছেন বর্তমান অধিনায়ক হ্যারি কেনের পাশাপাশি প্রাক্তন কোচ গ্যারি নেভিলও। প্রাক্তন কোচ নেভিল তো কয়েকধাপ এগিয়ে বলছেন ফাইনালে ওঠার পাশাপাশি ৫২ বছর পর এবার ইংল্যান্ড যে বিশ্বকাপ ঘরে তুলবে। গ্রুপলিগে পানামা, তিউনিশিয়ার বিরুদ্ধে জয় পেলেও শেষ ম্যাচে ইংল্যান্ড হেরেছে বেলজিয়ামের কাছে। এই হারের ফলে তারা দ্বিতীয় হয়ে শেষ ষোলোয় ওঠায় খানিকটা হলেও সুবিধা পেয়েছে নক আউট পর্বের ম্যাচে। ব্রাজিলকে এড়িয়ে ইংল্যান্ড প্রতিপক্ষ হিসাবে পায় কলম্বিয়াকে। কলম্বিয়ার বিরুদ্ধে টাইব্রেকারের গেঁরো কাটিয়ে দীর্ঘদিন পরে জয় পেয়েছে ব্রিটিশরা। তাই কলম্বিয়ার বিরুদ্ধে জয় অনেকটাই আত্মবিশ্বাস বাড়িয়ে দিয়েছিল ইংল্যান্ড ফুটবলারদের। আর শেষ চারে ওঠার লড়াইয়ে ইংল্যান্ডের প্রতিপক্ষ ছিল সুইডেন। প্রাক্তন কোচ গ্যারি নেভিলের ধারণা ছিল নক-আউট পর্বে ব্রাজিল কিংবা আর্জেন্টিনা কিংবা ব্রাজিল না পরার বেশখানিকটা সুবিধা পেয়েছে ইংল্যান্ড। আর এখন যা অবস্থা তাতে ইংল্যান্ডের বিশ্বকাপ জয়টা শুধু সময়ের অপেক্ষা। ইংল্যান্ড ৫২ বছর পর বিশ্বকাপে চ্যাম্পিয়ন হতে পারবে কিনা তা অবশ্য সময়ই বলবে। তবে হ্যারি কেন, ডেল আলি, রাশফোর্ড, স্টারলিংদের যা পারফর্ম তাতে বিশ্বকাপ জয়ের স্বপ্ন দেখতেই পারে ব্রিটিশ সমর্থক।

দলের খেলোয়াড়দের নিয়ে গর্বিত রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন

সোচি, ৮ জুলাই : এবারের বিশ্বকাপে কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নিলেও সবাইকে চমকে দিয়েছে রাশিয়া। দলের এই দুরন্ত পারফরম্যান্সে জাতীয় দলের খেলোয়াড়দের নিয়ে গর্বিত রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। শেষ আটের লড়াইয়ে ক্রোয়েশিয়ার বিরুদ্ধে পেনাল্টি শুটআউটে ৩-৪ গোলে হেরে বিদায় নিতে হয়েছে রুশদের। লড়াই করেও অল্পের জন্য সেমিফাইনালে উঠতে ব্যর্থ হয় তারা। রাশিয়ার এই স্কোয়াডকে ‘নায়কের দল’ বলে মন্তব্য করেছেন পুতিন। ক্রোয়েশিয়ার বিরুদ্ধে সোচির ভিআইপি গ্যালারিতে বসে তিনি খেলা দেখেননি। তবে টেলিভিশনের পর্দায় চেরিশেভদের খেলা দেখেছেন বলে জানিয়েছেন পুতিনের মুখপাত্র দিমিত্রি পেসকভ। পেসকভ বলেছেন, ‘পুতিন রাশিয়ার খেলা দেখেছেন এবং দলকে সমর্থন করে গেছেন। দারুণ খেলেই বিদায় নিয়েছি আমরা। ওঁরা এখনও আমাদের নায়ক। জীবন দিয়ে খেলেছে। আমরা তাদের নিয়ে গর্বিত।’ ক্রোয়েশিয়ার বিরুদ্ধে হেরেও উৎসব থামেনি রাশিয়ার ফুটবল ভক্তদের। ম্যাচের পরও তারা সেন্ট্রাল মস্কোতে জড়ো হয়, যেমনটা হয়েছে শেষ ষোলোর ম্যাচে স্পেনের বিরুদ্ধে জয়ের পর। রাশিয়া বিশ্বকাপে যে এতদূরে যাবে, সেটা কেউ ভাবেনি। এমনকি তাদের সমর্থকরাও সম্ভবত এমনটা আশা করেননি। জাতীয় দলের এরকম পারফরম্যান্সে রাশিয়ার বিরোধী দলের নেতা অ্যালেক্সি নাভালানিও গর্বিত। তিনি জানিয়েছেন,‘এমন দলকে নিয়ে পুরো দেশ গর্ব করতে পারে।’

ত্রিদেশীয় সিরিজ জয় পাকিস্তানের

হারারে, ৮ জুলাই : ত্রিদেশীয় টি-২০ সিরিজের ফাইনালে অস্ট্রেলিয়াকে ৬ উইকেটে হারিয়ে সিরিজ জিতল পাকিস্তান। ফাইনালে টস জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেন অজি অধিনায়ক অ্যারন ফিঞ্চ। ২০ ওভারের শেষে অস্ট্রেলিয়া সংগ্রহ করে ৮ উইকেটে ১৮৩ রান। দলের হয়ে সর্বোচ্চ রান করেন ডি আরসি শট। তাঁর সংগ্রহ ৫৩ বলে ৭৬ রান। অধিনায়ক অ্যারন ফিঞ্চ করেন ২৭ বলে ৪৭ রান। পাকিস্তানের সফল বোলার মহম্মদ আমির। ৪ ওভারে ৩৩ রান দিয়ে তিন উইকেট সংগ্রহ করেন তিনি। রান তাড়া করতে নেমে শুরুতেই দুটি উইকেট হারায় পাকিস্তান। শাহিবজাদা ফারহান ও হুসেইন তালাত কোনও রান না করেই প্যাভিলিয়নে ফেরেন। এরপর ফখর জামান ও সরফরাজ আহমেদ মিলে দলের স্কোরকে এগিয়ে নিয়ে যেতে থাকেন। দলের স্কোর যখন ৪৭ তখন ১৯ বলে ২৮ রান করে আউট হন সরফরাজ। এরপর শোয়েব মালিক ও ফখর জামান মিলে ভাল পার্টনারশিপ গড়ে দলকে জয়ের দিকে নিয়ে যেতে থাকেন। ৪৬ বলে ৯১ রান করে আউট হন ফকর জামান। এরপর শোয়েব মালিক ও আসিফ আলি দলকে জয়ের গন্ডী পার করান। ৩৭ বলে ৪৩ রানে অপরাজিত থাকেন শোয়েব মালিক। ১১ বলে ১৭ রানে অপরাজিত থাকেন আসিফ আলি। অস্ট্রেলিয়ার সফল বোলার গ্লেন ম্যাক্সওয়েল। ৩ ওভারে ৩৫ রান দিয়ে ৩ উইকেট নেন তিনি। ৯১ রানের দুরন্ত ইনিংস খেলে ম্যাচের সেরা হন ফখর জামান।

শেষ ষোলোয় নাদাল

লন্ডন, ৮ জুলাই: অস্ট্রেলিয়ার অ্যালেক্স ডি মিনাউরকে ৬-১, ৬-২ ও ৬-৪ সেটেহারিয়ে উইম্বলডনের শেষ ষোলোয় পৌঁছালেন রাফায়েল নাদাল। এরা আগে দু’বার এই গ্র্যান্ড স্ল্যাম খেতাব জিতেছেন কিংবদন্তি এই স্প্যানিশ টেনিস তারকা। বিশ্ব র‍্যাঙ্কিংয়ে এই মুহূর্তে এই নম্বরে রয়েছেন নাদাল। ১১ বারের ফরাসি ওপেন জয়ী তারকা জানান, এই ম্যাচ জিততে পেরে আমি খুশি। তিন নম্বর উইম্বলডন জয়ের লড়াইয়ের শুরুটা কিন্তু খুব একটা শক্ত হয়নি নাদালের জন্য। সহজেই অস্ট্রেলিয় প্রতিপক্ষকে ছিটকে দিয়ে উইম্বলডনের শেষ ষোলোয় প্রবেশ করলেন কিং অব ক্লে কোর্ট। তিনটে সেটেই নাদালকে চ্যালেঞ্জ ছুঁড়ে দিতে ব্যর্থ থাকেন অস্ট্রেলিয়ার মিনাউর।

নতুন লুকে শ্রীসন্থ

নয়াদিল্লি, ৮ জুলাই : একসময় ভারতের অন্যতম সেরা পেস বোলার শান্তাকুমারন শ্রীসন্থ বিতর্কে জড়িয়ে নিজের ক্রিকেট কেরিয়ারকে প্রায় শেষ করে ফেলেছেন। তাই ২২ গজ ছেড়ে এবার রুপোলি পর্দাতে নিজের জীবনের দ্বিতীয় ইনিংস শুরু করতে চাইছেন তিনি। এমনটাই শোনা যাচ্ছে। সেই সম্ভাবনাকে সত্যি করে কন্নড় ছবি ‘কেমপেগোড়া ২’ অভিনয় করতে চলেছেন তিনি। জোর কদমে চলছে এই ছবির শ্যুটিং। তার আগে ট্যুইটারে নিজের নতুন লুকের ছবি পোস্ট করেছেন বছর পঁয়ত্রিশের এই তারকা। পুরনো শ্রীসন্থকে যাঁরা মনে রেখেছেন তাদের এই নতুন লুকে শ্রীসন্থকে দেখে চমক লাগারই কথা। নেটিজেরা ইতিমধ্যে বলাবলি করতে শুরু করেছে, এ কোন শ্রীসন্থ? এ কি আদৌ মানুষ না দৈত্য। অবিশ্বাস্য পেশির খেলা সারা শরীর জুড়ে। সোশ্যাল মিডিয়ায় তাঁর নতুন লুকের চেহারা ইতিমধ্যে ভাইরালও হতে শুরু করেছে। এমন রসিকতাও শোনা যাচ্ছে, এখন যদি হরভজন চড় মারতেন শ্রীসন্থকে, তা হলে সেটা বোধহয় ভাজ্জির জন্য সুখকর হত না।

ইংল্যান্ডের হয়ে অর্ধশতরান করলেন জেসন রয়।

বিশ্বকাপে বিবর্ণ মেসি, রোনাল্ডো ও নেইমার

মস্কো, ৮ জুলাই : প্রতিবারই বিশ্বকাপের আসরে বহু তারকা ফুটবলার উঠে আসেন। এবারও তার কোনও ব্যতিক্রম হয়নি। মেসি, রোনাল্ডোকে সরিয়ে এবারও রাশিয়া বিশ্বকাপে উঠে এসেছেন বেশ কিছু নতুন তারকা। এবার রাশিয়া বিশ্বকাপের শুরুর থেকেই ছিল নানা অঘটন। গতবারের বিশ্ব চ্যাম্পিয়ন জার্মানিকে হারিয়ে প্রথম অঘটনটি ঘটিয়েছে মেক্সিকো। মেসির আর্জেন্টিনাকে তিন গোলে হারিয়েছে ক্রোয়েশিয়া। জাপানের কাছে হার কলম্বিয়ার। কিংবা কোয়ার্টার ফাইনালে বেলজিযামের কাছে হার ব্রাজিলের। এমনকী ২০১০’র বিশ্বকাপ চ্যাম্পিয়ন স্পেনকে হারিয়ে আলোড়ন সৃষ্টি করেছে আয়োজক দেশ রাশিয়া। অঘটনের বিশ্বকাপে সম্ভাব্য চ্যাম্পিয়ন দেশগুলির পারফরম্যান্সও খুব একটা ভাল হয়নি। জার্মানি, স্পেন, আর্জেন্টিনা, ব্রাজিল, পর্তুগালের মতো দেশগুলি বিশ্বকাপের সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করতে পারেনি তা ভাবতেই অবাক লাগে। টিম হিসাবে এবার একেবারেই ভাল পারফর্ম করতে পারেনি আর্জেন্টিনা, ব্রাজিল, পর্তুগাল। এদের পাশাপাশি এবারের বিশ্বকাপে নিজেদের নামের প্রতি খুব একটা সুবিচার করতে পারেনি লিওনেল মেসি, ক্রিশ্চিয়ানো রোনাল্ডো, নেইমার, সালাহরা। তারকা ফুটবলাররা সবসময় বড় মঞ্চে জ্বলে উঠে নিজেদের যোগ্যতা প্রমাণ করেন। কিন্তু এবার রাশিয়ার মাটিতে বিশ্বকাপের আসরে একেবারে সুপার ফ্লপ আর্জেন্টিনার তারকা ফুটবলার মেসি। এমনকী খুব একটা ভাল ফর্মে দেখতে পাওয়া গেল না পর্তুগালের ক্রিশ্চিয়ানো রোনাল্ডোকেও।

যদিও অভিযান ম্যাচে স্পেনের বিরুদ্ধে হ্যাটট্রিক করে নজির গড়েছিলেন সিআরসেভেন। মেসি, রোনাল্ডোর মতো বিশ্বকাপের আসরে রাশিয়ার মাটিতে হতাশজনক পারফরম্যান্স ব্রাজিলিয়ান তারকা নেইমারের। মিশরের ফুটবলার সালাহ-র খেলাও একেবারে নজর কাড়তে পারেনি। বরং তারকা ফুটবলাররা ব্যর্থ হলেও এবার মেসি, রোনাল্ডো, নেইমারের পরিবর্তে বেশ কিছু উদীয়মান ফুটবলার আবিষ্কার হল রাশিয়ার মাটিতে। এবার বিশ্বকাপে সবচেয়ে বেশি নজর কেড়েছেন ফ্রান্সের তারকা ফুটবলার এমবাপ্পে। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে গোল করার পর আর্জেন্টিনার বিরুদ্ধে জোড়া গোল করে সবার নজর কেড়েছেন তিনি। এছাড়া নজর কেড়েছেন ইংল্যান্ডের অধিনায়ক হ্যারিকেন, ডেন আলি, র‍্যাশফোর্ডের মতো তারকা ফুটবলাররা।

রুশ বিশ্বকাপে নজর কেড়েছেন বেলজিয়ামের মিডফিল্ডার লুকাকু। ক্রোয়েশিয়ার স্ট্রাইকার লুকা মডরিচ, রাশিয়ার ডেনিস চেরিশেভ। তবে এমবাপ্পে এবং হ্যারি কেনের নাম এখন সবার মুখে মুখে। বিশ্বকাপ বরাবর তারকা ফুটবলারের জন্ম দেয়। হাতে গোনা আর মাত্র কয়েকদিন। তারপরই বিশ্বকাপের ফাইনাল ম্যাচ। রাশিয়া বিশ্বকাপে সেরা ফুটবলার কে হবেন তা নিয়ে চলছে জোর জল্পনা। এখন দেখার শেষপর্যন্ত কার ভাগ্যে সোনার বুট উঠে আসে।

প্রকাশক এবং মুদ্রক টি দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষ লাহা, ৯৭/২, এম জি রোড, মিডিল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিস্ লাহা*(পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).